গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ধল্লা ইউনিয়ন পরিষদ কার্যালয়

পোঃ ধল্লাবাজার, উপজেলাঃ সিংগাইর, জেলাঃ মানিকগঞ্জ।

বিষয় ঃ ধল্লা ইউনিয়ন মাসিক সভার কার্যবিবরণী।

সভা নং- ১৩/২০২২-২০২৩

তারিখ ঃ ০৭-০৬-২০২৩ইং।

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

স্থান ঃ ধল্লা ইউপি কার্যালয়।

সভাপতি ঃ জনাব মোহাম্মদ জাহিদুল ইসলাম

চেয়ারম্যান, ধল্লা ইউনিয়ন পরিষদ।

সভায় হাজিরা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভায় সভাপতি সাহেব সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন, ১% টাকার প্রকল্প গ্রহন, টি.আর বরাদ্দের প্রকল্প গ্রহন, স্বাস্থ্য প্রসংগে, শিক্ষা প্রসংগে, উন্নয়ন সহায়তা তহবিল এর প্রকল্প গ্রহন, ক্রয় পরিকল্পনা প্রসংগে, জন্ম মৃত্যু নিবন্ধন প্রসংগে ও বিবিধ বিষয়ে আলোচনা করা হয়।

| ক্র/নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | গত সভার কার্যবিবরনী পাঠ করে শুনানো হয় এবং ইহাতে কোন ধরনের সংশোধনী বা সংযোজন আছে কিনা জানতে চাওয়া হয়। | গত সভার কার্যবিবরণীতে কোন ধরনের সংশোধনী বা সংযোজন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় | ধল্লা ইউনিয়ন পরিষদ |
| ২ | ১% টাকার প্রকল্প গ্রহন | জনাব মোঃ ইসহাক খান জানান যে, ৯নং ওয়ার্ডে কার্পেটিং রাস্তায় দুইটি স্থানে অতিবৃষ্টির কারনে রাস্তা ভেংগে যানবাহন চলাচল বন্ধ হয়ে যাচ্ছে। উক্ত স্থান ২টি দ্রুত মেরামত করা জরুরী। চেয়ারম্যান সাহেব বলেন যে, আগামী জুলাই/২০২৩ হতে সকল কাজ অনলাইন এ হবে । অনলাইন হলে অফিসের জন্য একটি কালার প্রিন্টার প্রয়োজন। বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনা করে নিম্নে দুইটি ভাংগা স্থানে জরুরীভাবে মেরামত এবং ১টি কালার প্রিন্টার ক্রয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br>১। ধল্লা ছালাম খানের পুকুরের পাশে পাকা ভাংগা রাস্তায় বাঁশের প্যালাসাইটিং, ইটের আদলা ও মাটি ভরাট- বরাদ্দ-২৫০০০/-<br>২। মধ্য ধল্লা আওলাদের বাড়ীর সাথে পাকা ভাংগা রাস্তায় ইটের আদলা ও মাটি ভরাট- বরাদ্দ-২৫০০০/-<br>৩। কালার পিন্টার ক্রয়- বরাদ্দ- ৪৫,০০০/- টাকা। | ধল্লা ইউনিয়ন পরিষদ |
| ৩ | টি.আর বরাদ্দের প্রকল্প গ্রহন | চেয়ারম্যান সাহেব জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে ৩য় পর্যায়ে টি.আর ১,১৬,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত টাকার প্রকল্প গ্রহন করার জন্য আলোচনা করা হোক। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনা করে সর্বসম্মতিক্রমে নিম্নে ২টি প্রকল্প গ্রহন করা হলো।<br>১। ফোর্ডনগর মোল্লাপাড়া মান্নানের বাড়ী হতে নুর আলীর বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কার বরাদ্দ- ৫৮,০০০/টাকা।<br>২। ধল্লা রিপনের বাড়ী হতে মধ্যধল্লা হাবের বাড়ী পর্যন্ত রাস্তা পুননির্মাণ | ধল্লা ইউনিয়ন পরিষদ |
| ৪ | স্বাস্থ্য | ১.স্বাস্থ্য পরিদর্শক জনাব মোঃ আনোয়ার হোসেন জানান যে, স্বাস্থ্য বিষয়ে জনগণ আগের চেয়ে সচেতন। আরো সচেতনতা বৃদ্ধির জন্য সকল ওয়ার্ডে স্বাস্থ্য অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারী কাজ করে যাচ্ছে। এছাড়াও বাল্য বিবাহ হওয়ায় মা ও শিশু উভয় ঝুঁকিপূর্ণ । বাল্য বিবাহ রোধে সচেতনতা বৃদ্ধিসহ সকলকে কাজ করতে হবে।<br>এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বাল্যবিবাহ বন্ধ করার জন্য সকল ইউপি সদস্য ও গ্রাম পুলিশ মাঠে কাজ করছে। কোথাও বাল্য বিবাহের কথা শুনা মাত্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান ও ইউপি সদস্যবৃন্দ এবং সকল গ্রামপুলিশ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | শিক্ষা | ষ্ট্যান্ডিং কমিটির আহবায়ক এবং ইউপি সদস্য জনাব মোঃ আব্দুল হামিদ জানান যে, ছাত্র/ছাত্রীরা মোবাইলে আসক্ত হওয়ায় পড়াশুনায় মনোযোগী না। ফলে ছাত্র/ছাত্রীরা আশানুস্বরপ রেজাল্ট করতে পারছে না। এ বিষয়ে অভিভাবকদের সচেতন করতে হবে। এ বিষয়ে আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনা করে ওয়ার্ড সভায় অভিভাবকদেও সচেতনতা বৃদ্ধিও লক্ষ্যে আলোচনা করার গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হইল। | ধল্লা ইউনিয়ন পরিষদ, |
| ৬ | উন্নয়ন সহায়তা তহবিল বরাদ্দের প্রকল্প গ্রহন | চেয়ারম্যান সাহেব জানান যে, ধল্লা ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল এ দ্বিতীয় কিস্তির বরাদ্দ ৭০০,৭০০/- টাকা পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দের প্রকল্প গ্রহন করতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনা করে নিম্নে সর্বসম্মতিক্রমে ১টি প্রকল্প গ্রহন করা হইল।<br>১। নয়াপাড়া ছানুয়ারের বাড়ী হতে ভাকুম রাস্তা পর্যন্ত ইট সলিং- ৭০০,৭০০/-টাকা | ধল্লা ইউনিয়ন পরিষদ, |
| ৭ | ক্রয় পরিকল্পনা | চেয়ারম্যান সাহেব ২০২৩-২০২৪ অর্থবছরে ক্রয় পরিকল্পনা পেশ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনা করে ক্রয় পরিকল্পনা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ধল্লা ইউনিয়ন পরিষদ, |
| ৮ | জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রসংগে | ইউপি সবিচ জানান যে, প্রতি মাসে ০-৪৫ দিনের শিশু ও মৃত ব্যক্তির জন্ম ও মৃত্যু নিবন্ধন বাধ্যতামূলক করতে হবে। প্রত্যেক ওয়ার্ড সদস্য ও গ্রামপুলিশ যথাযথ দায়িত্ব পালনের জন্য আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনা করে প্রত্যেক ওয়ার্ডের ওয়ার্ড সদস্য ও গ্রামপুলিশ দায়িত্ব পালনে অবহেলা করলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উর্ধতন কর্তৃপক্ষকে জানানো হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান |

অতঃপর আর কোন আলোচনা না করে সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ দিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।

০৭/০৮/২০২৩

( মোহাম্মদ জাহিদুল ইসলাম )
চেয়ারম্যান
ধল্লা ইউনিয়ন পরিষদ
সিংগাইর, মানিকগঞ্জ।
alih2033@gmail.com

মোহাম্মদ জাহিদুল ইসলাম
চেয়ারম্যান
ধল্লা ইউনিয়ন পরিষদ
সিংগাইর, মানিকগঞ্জ।

স্মারক নং- ধইউপি/ ২০২৩-    তারিখ ঃ ২৫--০৬-২০২৩ইং

অনুলিপি কপি ঃ
১। উপপরিচালক স্থানীয় সরকার, মানিকগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার, সিংগাইর।
৩। সকল কর্মকর্তা।
৪। অফিস কপি।

সভা- ১০

তাং ৭/৩/২০২৩

| নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মোহাম্মদ জাহিদুল ইসলাম | চেয়ারম্যান | [illegible] |
| ২. | শিরিন আক্তার | সদস্য | [illegible] |
| ৩. | মনোয়ারা বেগম | " | মনোয়ারা |
| ৪. | হাফিজা খাতুন | " | হাফিজা |
| ৫. | মো: হুমায়ুন কবির | " | [illegible] |
| ৬. | মো: আ: আলীম | " | Alim |
| ৭. | মো: শহীদুল ইসলাম | " | শহীদুল ইসলাম |
| ৮. | হুমায়ুন হোসেন খান | " | [illegible] |
| ৯. | শেখ মো: আসলাম | " | আসলাম |
| ১০. | রেজাউল করিম | " | Karim |
| ১১. | আ: হামিদ | " | Hamid |
| ১২ | মিজানুর রহমান | " | [illegible] |
| ১৩. | ইসমাইল খান | " | [illegible] |
| ১৪. | মোঃ আনোয়ার হোসেন | F.P. | [illegible] |